

তারিখ
পৃষ্ঠা ৩ কলাম

হাট ইজারার টাকা ভাগাভাগি নিয়ে দ্বন্দ্ব

শাহজাদপুরে ছাত্রদলের এক গ্রুপের মামলায় অপর গ্রুপের ২ জন খেণ্ডার

কবীর আজমল বিপুল, শাহজাদপুর থেকে : সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর থানা বিএনপির কর্মী আনবারগার মাসুম জেম বাদী হয়ে শাহজাদপুর থানায় একটি মামলা দায়ের করার পর পুলিশ গত শুক্রবার রাতে পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আবু বক্কর সরকারের পুত্র ছাত্রদল কর্মী পলাশ ও নাহিদ নামের দুজনকে খেণ্ডার করে গত শনিবার জেল হাজতে পাঠায়। খেণ্ডারের ঘটনায় থানা বিএনপির বিবাদমান দুটো গ্রুপের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষের আশঙ্কায় গত শনিবার পুরো শহর প্রায় জনশূন্য হয়ে পড়ে। শহরের ঘোড়ে ঘোড়ে বিপুলসংখ্যক দাঙ্গা পুলিশ মোতায়েন করা হয়।

উল্লেখ্য, শাহজাদপুর হাট ও বাজারের

বার্ষিক ঈজারার টেন্ডারের নিগোসিয়েশনের টাকা ভাগ বাটোয়ারাকে কেন্দ্র করে গত শুক্রবার রাতে বিএনপির দুগ্রুপের সমস্ত ধাওয়া-পাল্টা ধাওয়া ও ব্যাপক সংঘর্ষ হয়।

গত শুক্রবার রাতে থানায় দায়েরকৃত মামলায় বাদী বিএনপি কর্মী জেম উল্লেখ করেন যে, ওই দিন রাতে থানা ছাত্রদলের সভাপতি সাইফুল ইসলাম টেকা, ছাত্রদল নেতা মানিক ও এমরানসহ কতিপয় কর্মী থানা বিএনপির যুগ্ম আহ্বায়ক ইকবাল হাসান হিরু ও ভাতে বৃকে পিস্তল ধরে ৫০ হাজার টাকা নিয়ে মারপিট করে চলে যায়। বাদী মামলার ওজাহারে আরো উল্লেখ করেন যে, টেকা, মানিক ও এমরান এই তিনজনের কাছেই পিস্তল ছিল। মামলায় টেকা, মানিক ও এমরানসহ নয় জন নেতাকর্মীকে আদালত করা হয়। এ মামলার পরিপ্রেক্ষিতে পুলিশ পলাশ ও নাহিদকে খেণ্ডার করে।

থানা ছাত্রদলের সভাপতি টেকা গত শনিবার ভোরের কাগজকে জানান, হাটের নিগোসিয়েশনের সমুদয় টাকা কোনো নেতাকর্মীকে না দিয়ে ইকবাল হাসান হিরু ও জেম আত্মসাত করেছে। তিনি জানান, এই ঘটনাকে ভিন্ন রাতে প্রবাহিত ও ধামাচাপা দেওয়ার জন্যই তাদের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ এনে ভূয়া মামলা দায়ের করা হয়েছে।

গত শনিবার সন্ধ্যা পর্যন্ত দুগ্রুপের নেতাকর্মীদের মধ্যে উত্তেজনা ও শহরবাসীর মধ্যে চরম আতঙ্ক দেখা গেছে।